**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ইস্ট বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য কমিউনিটি আউটরিচ অফিস চালুর বিষয়ে গভর্নর হোকলের ঘোষণা

***নতুন অফিস 878 হামবোল্ট পার্কওয়েতে অবস্থিত; মঙ্গলবার থেকে শনিবার পর্যন্ত আউটরিচ সেন্টারে অবস্থিত প্রকল্পের জন্য কমিউনিটি আউটরিচ লিয়াজোঁ নিযুক্ত করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বাফেলো শহরের 878 হামবোল্ট পার্কওয়েতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য কমিউনিটি আউটরিচ অফিস আনুষ্ঠানিকভাবে চালু করা হয়েছে যাতে জনসম্পৃক্ততার জন্য আরো সুযোগ তৈরি করা যায় যেহেতু পূর্ব বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে বরাবর কমিউনিটিকে পুনরায় সংযুক্ত করার প্রকল্পের পরিকল্পনা অব্যাহত রয়েছে। গভর্নর হোকলের পূর্বের ঘোষণা অনুযায়ী, কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য পরিবেশগত মূল্যায়ন চলমান রয়েছে এবং 2024 সালের প্রথম দিকে এটি সম্পন্ন হবে, যা সেই বছরের শেষের দিকে আনুষ্ঠানিক নির্মাণ কাজ শুরুর দ্বার উন্মোচিত করবে। একটি নতুন ওয়েবসাইট চালু করা হয়েছে এবং 30 জুন বাফেলো মিউজিয়াম অফ সায়েন্সে দুইটি পাবলিক স্কোপিং সভা অনুষ্ঠিত হয়েছিল, যা স্টেট পরিবহন বিভাগকে (Department of Transportation) প্রকল্প সম্পর্কে মূল্যবান প্রতিক্রিয়া সরবরাহ করেছিল।

"বাসিন্দাদের জন্য নতুন সুযোগ উন্মুক্ত করার এবং আক্ষরিকভাবে মহাসড়ক দ্বারা পৃথককৃত একটি কমিউনিটিকে পুনরায় সংযুক্ত করার মাধ্যমে কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্প পূর্ব বাফেলোর জন্য গেম চেঞ্জার হওয়ার সম্ভাবনা রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই নতুন কমিউনিটি আউটরিচ সেন্টার খোলার সাথে সাথে, আমরা এই রূপান্তরমূলক প্রকল্পের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হবে এমন বাসিন্দাদের সাথে সরাসরি সম্পৃক্ত হতে সক্ষম হবো এবং অমূল্য মতামত গ্রহণ করবো। আমরা এই প্রকল্পটি সঠিকভাবে করা গুরুত্বপূর্ণ এবং কমিউনিটির সাথে সম্পৃক্ততা অব্যাহত রাখাটা এর সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

1950 এবং 1960 এর দশকে নির্মিত, কেনসিংটন এক্সপ্রেসওয়েটি ফ্রেডরিক ল্য ওলমস্টেড দ্বারা ডিজাইন করা ঐতিহাসিক হাম্বোল্ট পার্কওয়ে নামক একটি জমকালো, গাছের সারিযুক্ত বুলেভার্ড, যা আশেপাশের এলাকার মধ্যে সংযোগ বিচ্ছিন্ন করে, সেটি একটি ভগর্ভস্থ হাইওয়ে দিয়ে প্রতিস্থাপন করে। ইস্ট বাফেলোতে এই রূপান্তরমূলক প্রকল্পের জন্য গভর্নর হোকল কর্তৃক

1 বিলিয়ন ডলার পর্যন্ত আলাদা করে রাখা হয়েছে, কেনসিংটন এক্সপ্রেসওয়ের মূল নির্মাণকাজের ফলে ভুলভাবে বিভক্ত হওয়া এলাকাগুলো আবারও পুনরায় একত্রিত হবে।

কমিউনিটি আউটরিচ অফিসটি শনিবার থেকে মঙ্গলবার জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে এবং প্রকল্প কর্মীদের দ্বারা পরিচালিত হবে। জনসাধারণকে প্রকল্পের তথ্য পেতে, প্রশ্ন জিজ্ঞাসা করতে এবং কমিউনিটির মতামত সংগ্রহের অব্যাহত প্রচেষ্টায় অংশ নিতে অফিসে যেতে উৎসাহিত করা হয়।

**878 হামবোল্ট পার্কওয়েতে কমিউনিটি আউটরিচ অফিসের সময়সূচি:**

- মঙ্গলবার থেকে শুক্রবার: সকাল 10-টা - সন্ধ্যা 6-টা
- শনিবার: সকাল 10টা - দুপুর 2টা

প্রকল্প কর্মীদের টেলিফোনে (716) 370-0071 নম্বরে অথবা ইমেইলে www.KensingtonCommunityOutreach@dot.ny.gov ঠিকানায় পাওয়া যাবে

29 জুন, 2022 তারিখে, kensingtonexpressway.dot.ny.gov/ ওয়েবসাইট চালু করার মাধ্যমে এই প্রকল্পের জন্য পাবলিক আউটরিচ শুরু হয়েছিল। প্রকল্পের ওয়েবসাইট জনসাধারণের জন্য হালনাগদকৃত প্রকল্পের তথ্য সরবরাহ করে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন,** "পরিবহন বিভাগ ইস্ট বাফেলো কমিউনিটির সাথে ইতিবাচকভাবে জড়িত কারণ এটি কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের সাথে সম্পর্কিত, এবং এই নতুন অফিসটি ইস্ট বাফেলোর বাসিন্দাদের আমাদের সাথে দেখা করার, আমাদের প্রশ্ন জিজ্ঞাসা করার এবং সাথে সাথে উত্তর পাওয়ার সুযোগ দেয়। আমরা এই প্রকল্পের বিকাশের সাথে সাথে এই প্রক্রিয়ার প্রতিটি পদক্ষেপে কমিউনিটির সাথে অংশীদারিত্ব গড়ে তুলতে চাই। আমি ইস্ট বাফেলোর বাসিন্দাদের আমাদের সাথে দেখা করার জন্য উৎসাহিত করি - সশরীরে আউটরিচ সেন্টারে, অনলাইন, বা আগামী মাসে আমরা অংশ নেওয়ার পরিকল্পনা করছি এমন অনেক কমিউনিটি ইভেন্টে।"

ফেডারেল হাইওয়ে অ্যাডমিনিস্ট্রেশনের (Federal Highway Administration) সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে, নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ একটি পরিবেশগত মূল্যায়নের মাধ্যমে এই প্রকল্পের জন্য পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়াটি অগ্রসর করছে যা NYSDOT কর্তৃক পাবলিক আউটরিচ এবং ইস্ট বাফেলোর আশেপাশের এলাকার জন্য অতীতের ভুল কিভাবে সর্বোত্তমভাবে সংশোধন করা যায় সে সম্পর্কে স্থানীয় নেতাদের সাথে কথোপকথনের উপর ভিত্তি করে তৈরি করবে। স্টেট পরিবহন বিভাগ বর্তমানে নতুন উন্মুক্ত পাবলিক স্পেস তৈরি, সাইকেল ও পথচারীদের নিরাপত্তা উন্নত করার এবং পরিবেশগত প্রক্রিয়ার অংশ হিসেবে শব্দ ও বায়ু দূষণ মোকাবেলার সুযোগ মূল্যায়ন করছে। বিভাগটি পুনঃসংযুক্ত আশপাশের এলাকাগুলির মধ্যে নিরাপদ যানবাহন পরিচালনার সুবিধার্থে স্থানীয় সড়কপথের উন্নতির মূল্যায়ন করবে। কেনসিংটন এক্সপ্রেসওয়েতে প্রতিদিন আনুমানিক 80,000 গাড়ি চলাচল করে।

30 জুন, 2022 তারিখে বাফেলো মিউজিয়াম অফ সায়েন্সে দুইটি পাবলিক স্কোপিং সভা অনুষ্ঠিত হয়েছিল। সেশনে এই প্রকল্পের জন্য বিভিন্ন ধারণার উপর তথ্যমূলক প্যানেল ফিচার করা হয়েছিল, যার মধ্যে দুইটি বিকল্প রয়েছে যা সম-উচ্চতার মহাসড়কের সম্ভাব্য সংস্কারের ভিত্তি স্থাপন করে যা হামবোল্ট পার্কওয়ের মূল স্ট্রিটস্কেপ পুনরুদ্ধার করবে। এই সভা কমিউনিটির সদস্যদের প্রকল্পের জন্য বিবেচিত অপশনগুলো সম্পর্কে জানতে এবং পরিবহন বিভাগের কাছে তাদের প্রতিক্রিয়া সরবরাহ করার সুযোগ দেয়। প্রকল্পের খসড়া স্কোপিং প্রতিবেদনের উপর মন্তব্য করার জন্য 30 দিন সময় দেওয়ার পরে এই মিটিং অনুষ্ঠিত হয়। বিভাগের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াটি অবহিত করতে সাহায্য করার জন্য কমিউনিটি থেকে প্রায় 200টি মন্তব্য পাওয়া গেছে।

বিভাগের কর্মীরা গ্রীষ্মকাল জুড়ে নিম্নলিখিত কমিউনিটি ইভেন্টে উপস্থিত ছিলেন এবং কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের তথ্য সরবরাহ করেছিলেন:

1. বোর্ড অফ ব্লক ক্লাবস মিটিং - 28 জুলাই, 2022
2. ডেলাভান-গার্ডার কমিউনিটি সেন্টারে কমিউনিটি সভা - 30 জুলাই, 2022
3. ন্যাশনাল নাইট আউট - 2 আগস্ট, 2022
4. সার্ভিং ইজ থ্রাইভিং হেলথ ফেয়ার - 16 আগস্ট, 2022
5. কমিউনিটি ডে অফ হোপ - 2 সেপ্টেম্বর, 2022
6. ব্যাক টু স্কুল ব্লক পার্টি - 3 সেপ্টেম্বর, 2022

এই প্রকল্পের ওপর মতামত সংগ্রহ করার অব্যাহত প্রচেষ্টা হিসেবে, প্রকল্প কর্মীরা 13 নভেম্বর ট্রু বেথেল ব্যাপটিস্ট চার্চের সার্ভিসসহ বাফেলো শহরের বিভিন্ন গির্জার সার্ভিসে পুরো শরত জুড়ে প্রকল্পের তথ্য সরবরাহ করছে।

**সিনেটর চাক শুমার বলেন,** "আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো বিনিয়োগ ও চাকরি আইন থেকে ঐতিহাসিক বিনিয়োগের কল্যাণে কেনসিংটন এক্সপ্রেসওয়ের রূপান্তর এখন চলমান রয়েছে। দীর্ঘদিন ধরে ইস্ট বাফেলো শহর থেকে বিভক্ত হয়ে পড়েছে, যা জাতিগত বৈষম্যকে আরো বাড়িয়ে তুলেছে এবং অর্থনৈতিক সুযোগকে দমিয়ে রেখেছে। এই প্রতিবন্ধকতা অতিক্রম করতে আমাদের অনেক সময় লেগেছে এবং সেই ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে কমিউনিটির আওয়াজ অবশ্যই সর্বাগ্রে ও কেন্দ্রে থাকতে হবে। কেনসিংটন নির্মিত হওয়ার পর থেকে বিভক্ত মার্টিন লুথার কিং এবং হ্যামলিন পার্কের আশেপাশের এলাকায় যে ক্ষতি হয়েছে তা সংশোধন করার জন্য সম্প্রদায়কে জড়িত করার জন্য আমি গভর্নর হোকল এবং NYSDOT-কে সাধুবাদ জানাই।"

**রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন,** "এই প্রকল্প বাফেলোর হামবোল্ট পার্কওয়ে এলাকাকে পুনরায় সংযোগ করার এবং সেখানে পুনরায় বিনিয়োগ করার একটি অসাধারণ সুযোগ প্রদান করে। কমিউনিটি কর্তৃক সক্রিয় সম্পৃক্ততা প্রকল্পের স্কোপে এমন ডিজাইন ফিচার অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করবে যা জনসাধারণের মতামত প্রতিফলিত করে এবং এই এলাকায় বসবাসকারীদের চাহিদা পূরণ করে যারা এই এলাকা সম্পর্কে সবচেয়ে ভালোভাবে জানে।"

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "এই প্রকল্পের সমগ্র কর্মযজ্ঞ জুড়ে, কমিউনিটির মতামত ছিল চাবিকাঠি - বাস্তব, রূপান্তরমূলক বিনিয়োগের আহ্বান করতে এবং সামনে কী রয়েছে সে চাহিদা ও সুযোগ নির্ধারণে সাহায্য করতে। এই ভৌত কমিউনিটি আউটরিচ অফিসটি সেই গুরুত্বপূর্ণ সংলাপকে আরো এগিয়ে নিবে এবং এই প্রকল্প এগিয়ে যাওয়ার সাথে সাথে জনসাধারণের অংশগ্রহণকে অগ্রাধিকার দেবে।"

**অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "গভর্নর হোকল এবং NYSDOT কমিশনার ডমিঙ্গুয়েজকে তাদের অব্যাহত সমর্থন ও অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই। এই প্রকল্পের জন্য তারা একটি কমিউনিটি আউটরিচ অফিস খুলবে বলে উল্লেখ করার কয়েক মাস পরে, তারা এটি বাস্তবে রূপদান করেছেন। এলাকার বাসিন্দারা এখন তথ্য পেতে, প্রকল্প পরামর্শদাতাদের সাথে সম্পৃক্ত থাকতে এবং কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের কভারের জন্য একটি ঐতিহাসিক ভুল সংশোধন করার জন্য আমাদের সম্মিলিত প্রচেষ্টা সম্পর্কে আরো জানতে সক্ষম হবে,"

**বাফেলোর মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন,** "কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য হামবোল্ট পার্কওয়েতে একটি নতুন কমিউনিটি আউটরিচ অফিস খোলার বিষয়টি প্রধানত কৃষ্ণাঙ্গ এলাকাগুলোকে পুনরায় সংযুক্ত করার আরেকটি ইতিবাচক পদক্ষেপ যা এটি প্রথম নির্মিত হওয়ার সময় বিচ্ছিন্ন হয়ে যায়। আমি এই প্রকল্পের প্রতি অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। এই নতুন অফিস এমন একটি প্রক্রিয়ার সময় বাসিন্দাদের আওয়াজ তোলার জন্য আরেকটি দুর্দান্ত সুযোগ যা অবশেষে আমাদের শহরের এলাকাগুলোকে একত্রীকরণ এবং একটি কমিউনিটির নিরাময়ের দিকে চালিত করবে।"

**এরি কাউন্টির এক্সিকিউটিভ মার্ক সি. পোলনকার্জ:** "কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য কমিউনিটি আউটরিচ অফিস তৈরি করা খুবই অর্থবহ এবং এই রূপান্তরমূলক প্রকল্পটি অগ্রসর হওয়ার সাথে সাথে জনসাধারণকে সম্পৃক্ত ও অবহিত করার জন্য পর্যাপ্ত সুযোগ দেবে। এই অফিস খোলার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং এই প্রকল্প অগ্রসর হচ্ছে তা দেখার জন্য আগ্রহী।"

পরিবহন বিভাগ 2022 সালের শরতে, একটি জনসভার সাথে একত্রে কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্পের জন্য চূড়ান্ত স্কোপিং রিপোর্ট প্রকাশ করার পরিকল্পনা করেছে। ডিপার্টমেন্ট একটি সম্ভাব্য স্থান চিহ্নিত করছে এবং তারিখ ও স্থান চূড়ান্ত হওয়ার পরে আগামী সপ্তাহে ঘোষণা দেবে।

গভর্নর হোকলের ঐতিহাসিক 32.8 বিলিয়ন ডলার পরিবহন বিভাগের মূলধন পরিকল্পনা যা স্টেটের 2023 অর্থ বছরের বাজেটের অংশ হিসেবে গৃহীত হয়েছিল, এক্সপ্রেসওয়ে প্রদত্ত গুরুত্বপূর্ণ আঞ্চলিক পরিবহন লিংকের দীর্ঘমেয়াদী সক্ষমতার সাথে আপোষ না করে, ইস্ট বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে করিডোরের নিচু অংশ জুড়ে পূর্ব-পশ্চিমের এলাকাগুলোকে পুনরায় সংযুক্ত করার জন্য এবং হামবোল্ট পার্কওয়ের সরবরাহকৃত আসল সবুজ স্থানটি পুনরায় স্থাপন করার জন্য 1 বিলিয়ন ডলার পর্যন্ত অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নর ক্যাথি হোকল মোটের উপর পরিবহন বিভাগের মূলধন পরিকল্পনাতে প্রায় 3 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত পরিকাঠামো প্রকল্পসমূহের জন্য যা সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলির জন্য ইক্যুইটি, সংযোগ এবং মাল্টি-মডেল পরিবহনের সুযোগগুলিকে উন্নীত করে। পূর্ব বাফেলোতে কেনসিংটন এক্সপ্রেসওয়ে প্রকল্প ছাড়াও, এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে ব্রঙ্কসের হান্টস পয়েন্টে ব্রুকনার-শেরিডান ইন্টারচেঞ্জের পুনর্গঠন, রচেস্টারে বিদ্যমান ইনার লুপ ফ্রিওয়েকে একটি কমিউনিটি বুলেভার্ডে রূপান্তর করা, সাইরাকিউজে I-81 কমিউনিটি গ্রিড নির্মাণ, এবং ব্রঙ্কসের ক্রস-ব্রঙ্কস এক্সপ্রেসওয়ের কিছু অংশ কভার করা।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT। ফেসবুকে (Facebook) facebook.com/NYSDOT ঠিকানায় আমাদেরকে খুঁজে নিন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418